NOV. 26 2000

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ..৪.. কলাম ..৭......

দৈনিক ইনকিলাব

97

# দেশের গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষার জাতীয় পর্যায়ে খুলনা বিভাগ শীর্ষে

খুলনা ব্যুরো ঃ দেশের গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষার অবস্থা জাতীয় পর্যায়ে খুলনা বিভাগ শীর্ষে। ছেলেদের থেকে মেয়েরা এগিয়ে। গতকাল নগরীর একটি অভিজাত হোটেলে 'গবেষণা ও উন্নয়ন ব্র্যাক গবেষণার ২৫ বছর' শীর্ষক এক সেমিনারে এই তথ্য উপস্থাপন করা হয়। সারাদেশে জরিপ চালিয়ে ব্র্যাক গবেষণা করে জানায়, স্কুলে গমনের নীট হার, শিক্ষার আভ্যন্তরীণ দক্ষতা, মৌলিক শিক্ষার মান– সবদিক দিয়েই খুলনা বিভাগ শীর্ষে রয়েছে। স্কুলে গমনের নীট হার মেয়েদের মধ্যে খুলনা ৮৫.৮%, বরিশাল ৮২%, ঢাকা ৭৯.৫%, সিলেট ৭৯.৮% এবং রাজশাহী ৭৮%। ছেলেদের মধ্যে এই হার খুলনা ৭৯.৫%, বরিশাল ৭৮.২%, সিলেট ৭৭.৬%, রাজশাহী ৭৫.৮%; চট্টগ্রাম ৭৪.২% এবং ঢাকা ৭১.৭%। মৌলিক শিক্ষার মান মেয়েদের মধ্যে খুলনা ৩৮.৬%, বরিশাল ২৯.৮%, রাজশাহী ২৮%, ঢাকা ২৩.৮%, সিলেট ১৮.৬% এবং চট্টগ্রাম ১৫.৭%। ছেলেদের মধ্যে খুলনা ৩৭.৬%, বরিশাল ৩৪.১%, রাজশাহী ৩৪%, ঢাকা ২৪.৮%, চট্টগ্রাম ১৯% এবং সিলেট ১৭.১%। ব্র্যাক আয়োজিত এই সেমিনার উদ্বোধন করেন ত্রাণ প্রতিমন্ত্রী তালুকদার আবদুল খালেক। সভাপতিত্ব করেন ব্র্যাকের নির্বাহী পরিচালক ডঃ সালেহ উদ্দীন আহমদ।